

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

ওয়েবসাইট: www.bb.org.bd

পিএসডি সার্কুলার লেটার নং-১০

তারিখঃ ২৩ এপ্রিল, ২০২০  
-----  
১০ বৈশাখ, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রভাইডার।

বাংলাদেশ সরকারের বিশেষ ঋণ সুবিধার আওতায় রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের শ্রমিক কর্মচারীদের বেতন ভাতাদি ক্যাশ আউটের ক্ষেত্রে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী কর্তৃক চার্জ আরোপ প্রসঙ্গে।

বিআরপিডি সার্কুলার নং ০৭, তারিখ ০২ এপ্রিল ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের শ্রমিক কর্মচারীদের বেতন ভাতাদি পরিশোধের নিমিত্তে ঘোষিত বাংলাদেশ সরকারের বিশেষ ঋণ সুবিধার অর্থ শ্রমিক কর্মচারীদের ব্যাংক বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) একাউন্ট এর মাধ্যমে প্রদানের নির্দেশনা রয়েছে।

এ ক্ষিমের আওতায় পরিশোধিত বেতন ভাতাদি ক্যাশ-আউটের ক্ষেত্রে শ্রমিক কর্মচারীদের স্বার্থ বিবেচনায় মাসুল আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র কষ্ট রিকভারী বা কোন ক্ষেত্রে সাবসিডি প্রদানের পলিসি গ্রহণের জন্য এমএফএস অপারেটরদেরকে (নগদ-সহ) অনুরোধ করা যাচ্ছে। সেক্ষেত্রে এই ক্ষিমের আওতায় পরিশোধিত বেতন ভাতাদি ক্যাশ আউটের জন্য ০.৮% চার্জ আদায়ের জন্য এমএফএস অপারেটরদের নির্দেশনা প্রদান করা যাচ্ছে; যার ০.৪% ঋণপ্রদানকারী ব্যাংক তাদের কমিশন হতে এমএফএস অপারেটরদের প্রদান করবে এবং অবশিষ্ট ০.৪% গ্রাহকের নিকট হতে আদায়যোগ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মেজবাবুল হক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ০২-৯৫৩০১৭৪